











An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

21 pages

Date of publishing - 7th NOV '2023

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৬৯

# ASSOCIATION SAMBAD

NOVEMBER 2023

Volume 24 No. 8

If undelivered please return to
Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
**E.mail :** bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

# সম্পাদকের কলমে

**ধ্বনিল আহ্বান মধুর গম্ভীর প্রভাত অম্বর মাঝে,**
**দিকে দিগন্তরে ভুবনমন্দিরে শান্তিসঙ্গীত বাজে...**

সূর্যকে ভালোবেসে রাজনন্দিনীর ব্যর্থ প্রেমের বেদনায়, নীরবে নিভৃতে অন্ধকারে জন্ম নেওয়া শিউলি ফুলের গন্ধমাখা ঘ্রাণে, কাশ ফুলের বর্ণময় শোভায় আর নীল আকাশে সাদা মেঘের ভেলায়, আগমনীর সুর বাতাসে ছড়িয়ে দিয়ে, আনন্দ উচ্ছ্বাসে মা ঊমাকে বরণ করে নিল আপামর বাঙালি। উৎসবের আঙিনায়, বাতাসে খুশির আবির ছড়িয়ে, নীল গগনের ললাটখানি চন্দনে আজ মাখা মাখি হয়ে উঠলেও, উৎসবের আনন্দে কিছুটা বিষাদ মাখা সুর ঝরে পড়ল চারদিকে। গিরিরাজ কন্যা ঊমা ফিরে গেলেন কৈলাশে। ঊমা মায়ের ঘরে ফেরা, কিছুটা উদাস মাখা হলেও, আবার নতুন করে শুরু হল অপেক্ষার দিনগোনা, যাবতীয় জল্পনা কল্পনা। তবুও সদ্য স্নাত শরীরে, কিছুটা জল যেমন লেপ্টে থাকে, উৎসবের আনন্দ ঠিক তেমনই, আমাদের ঘিরে রেখেছে এখনোও। আমরা জানি, জগতে সুখ ও দুঃখের অবস্থান পাশাপাশি। তাই এই ফিরে ফিরে আসা উৎসব, আনন্দের হলেও, ভালোবাসা মাখা সুখ ক্ষণস্থায়ী হয় না সবার। শুধুমাত্র এই উৎসবকে কেন্দ্র করে, মা বাবা প্রিয়জনদের একটিবার দেখবো বলে, একসাথে আনন্দে মাতবো বলে, দীর্ঘ প্রতীক্ষার পর, বাড়ি ফিরে আসা শত শত উজ্জ্বল মুখ, আবারও মলিন হয়ে ফিরে যায়, মনখারাপ বোঝাই করা গাড়ির সওয়ারি হয়ে, যে যার গন্তব্যস্থানে, কর্মজগতে। সন্তানদের সুখ সমৃদ্ধি কামনায়, আবারও শত শত মা বাবা একাকী হয়ে, সন্তানের এই ফিরে যাওয়া মেনে নেয়, কিছুটা উপায়হীন হয়েই। গোপনে হৃদয় কাঁদা বাবাদের অশ্রুসিক্ত চোখ বোঝা না গেলেও, অমঙ্গলের ভয়ে, মায়েরা লুকিয়ে ফেলে, চোখের জলে ভেজা আঁচল, সন্তানদের নতুন করে পাবো বলে। আর যেসব অভাগা সন্তানেরা গহন কাননে, মা বাবাকে চিরতরে

হারিয়েছে, ভাবনার ঘুড়ি নীল আকাশে উড়িয়ে, ফেলে আসা স্মৃতিময় সুখের ঠিকানা, আজও খুঁজে বেড়ায় নিঃশব্দ হাহাকারে। ওদেরই কেউ আবার, সাঁজবেলায় আকাশ প্রদীপ জ্বেলে, দূরের আকাশ পানে তারার দিকে চেয়ে, খুঁজে পেতে চায়, প্রিয়জনের অস্তিত্ব, ওম।

অনেকেই হয়তো জানেন, কার্তিক মাসে শীতের প্রারম্ভে, আকাশ প্রদীপ জ্বালানো নিয়ে, আমাদের উত্তরপূর্ব ভারতের মণিপুর রাজ্যে, 'মেরা রাউংবা' নামক সুন্দর একটা প্রথা আছে। গত বছর, এই রাজ্যের প্রধান উৎসব সাঙ্গাই ফেস্টিভ্যালে গিয়ে, মেইতেই সম্প্রদায়ের এক প্রৌঢ় ব্যক্তি জানিয়েছিলেন, 'মেরা' অর্থাৎ ওদের ক্যালেন্ডারের সপ্তম মাসে, পাহাড় ও সমতলের বিভিন্ন উপজাতিদের কাছে, আকাশ প্রদীপ জ্বালানোর এই রীতি, ওনাদের ভ্রাতৃত্বের, পারিবারিক সম্প্রীতির প্রতীক হয়ে আছে। ওনার কাছেই জানতে পারি, মণিপুরী পুরাণে উল্লেখিত, বিস্মৃতির অতলে হারিয়ে যাওয়া, প্রচলিত একটা গল্পে জানা যায়, একটি পরিবারের কয়েকজন ভাই মিলেমিশে একত্রে থাকবে বলে, স্থানীয় একটা পাহাড়ে চড়তে শুরু করে। বাকিরা খুব সহজে উঠে গেলেও, সম্ভবত ছোট ভাই অবসন্ন দেহে বেশি উঁচুতে উঠতে পারিনি এবং ওখানেই বাসা বাঁধে। ছোট ভাইকে সাথে না পেয়ে, ওর খবরাখবর রাখার উদ্দেশ্যে, দাদারা প্রস্তাব দিয়েছিলেন, বছরের নির্দিষ্ট একটা সময়ে, উঁচু গাছের ডালে একটা লণ্ঠন ঝুলিয়ে, সে যেন তার ভালো থাকা জানান দেয়। আহা, ভ্রাতৃত্ব স্নেহের এমন চমৎকার নিদর্শন, এমন সুন্দর কাহিনী শুনলেই ভালোবাসায় আবিষ্ট হয় মন। ভাবলে গর্ব হয়, আমাদের বৈচিত্রময় দেশে, এমন আরও কত বিচিত্র লোককাহিনী ছড়িয়ে আছে, যেগুলো আমাদের অনেকেরই অজানা। অনুভূতির শাশ্বত মরুদ্দ্যানে, এইসব কাহিনীই হয়তো আমাদের প্রাণশক্তি, চালিকা শক্তি।

**বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির অধ্যক্ষ শ্রী তপন রায়, সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী এবং আমাদের কার্যনির্বাহী সমিতির সকল সদস্যদের তরফ থেকে, সকলকে শুভ দীপাবলীর ও দ্বীপান্বিতা কালীপূজার অসংখ্য শুভেচ্ছা, আন্তরিক প্রীতি ও শুভকামনা রইল। আপনারা সকলে, সপরিবারে ভালো থাকবেন, সুস্থ থাকবেন ও আনন্দে থাকবেন।**

# বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

গত ১৪ই অক্টোবর, মুক্তধারা প্রেক্ষাগৃহে, আমাদের দিগঙ্গন সাহিত্য পত্রিকার উৎসব সংখ্যার মোড়ক উন্মোচন মুহূর্ত, সাড়ম্বরে যাপিত হল একগুচ্ছ গুণী মানুষের সান্নিধ্যে। মঞ্চে আলো করে উপস্থিত ছিলেন, প্রখ্যাত সাহিত্যিক, নারীবাদী লেখিকা তসলিমা নাসরিন, স্বনামধন্য লেখিকা যশোধরা রায় চৌধুরী, দিল্লির সংস্কৃতি জগতের অন্যতম মুখ এবং বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রাক্তন অধ্যক্ষ শ্রী অমিতাভ মুখার্জী, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের বর্তমান অধ্যক্ষ শ্রী তপন রায়, বর্তমান সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী মহাশয়। এছাড়াও উপস্থিত ছিলেন দিগঙ্গন পত্রিকার সম্পাদিকা পৃথা দাস সহ সম্পাদক মন্ডলীর সকল সদস্যগণ। দর্শকাসনে উপবিষ্ট ছিলেন রাজধানী শহরের বহু গুণী সাহিত্যিক, কবি এবং সাহিত্যকে ভালোবেসে দূর দূরান্ত থেকে ছুটে আসা বহু মানুষ।

প্রথাগতভাবে, মহালয়ার দিনে, উৎসব সংখ্যার মোড়ক উন্মোচন অনুষ্ঠানের শুভ সূচনা হয়, চণ্ডীপাঠের মধ্যে দিয়ে। আমাদের সাধারণ সম্পাদক এবং রাজধানী শহরের প্রখ্যাত বাচিক শিল্পী, শ্রী প্রদীপ গাঙ্গুলী মহাশয় তাঁর স্বভাবছন্দ ভঙ্গিমায়, মুক্ত কণ্ঠে সংক্ষিপ্ত চণ্ডীপাঠ পরিবেশন করেন। এরপর উনি দিগঙ্গন সম্পর্কে কিছু বক্তব্য রাখার পর, শ্রদ্ধেয়া তসলিমা দি, যশোধরা দি, শ্রদ্ধেয় অমিতাভ মুখার্জী দা, তপন রায় দা এবং পৃথা দাস দি এই ঐতিহ্যবাহী পত্রিকা সম্পর্কে কিছু বক্তব্য রাখেন। সমগ্র অনুষ্ঠানটির দক্ষ সঞ্চালনায় ছিলেন, সম্পাদক মণ্ডলীর অন্যতম সদস্য রিমা দাস।

দিগঙ্গন সাহিত্য পত্রিকা, পায়ে পায়ে ঊনপঞ্চাশ বছরে পদার্পন করল। সেই জন্মলগ্ন থেকে, বহু খ্যাতিমান কবি সাহিত্যিকের লেখনীতে সমৃদ্ধ হয়েছে বারেবারে। আজও এই প্রজন্মের বহু লেখক লেখিকা, তাঁদের সেরা লেখাটি ছাপার অক্ষরে দেখতে পেলে গর্বিত হয়। কিন্তু অনেক সময় আর্থিক কারণে, সম্পাদক মন্ডলীর সদিচ্ছা থাকলেও, পত্রিকার পাতার সংখ্যা বৃদ্ধি করা যাচ্ছে না এবং ফলস্বরূপ অনেকের মূল্যবান লেখা আমরা মিস করে যাচ্ছি, কিছুটা বাধ্য হয়েই। তবে আজকাল ভালো লেখা পাওয়া কিছুটা অসম্ভব জেনেও, আমাদের সম্মানীয় সম্পাদক মন্ডলী চেষ্টা করে যাচ্ছেন, জমে

আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?

অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
**+91 7303400554**
ইমেলঃ
**bengalassociation1819@gmail.com**

**www.bengalassociation.com**

# INTER SCHOOL COMPETETIONDETAILS 2023
## Organized by Bengal Association, Delhi

| SL. | DATE | DAY | TOPIC | GROUP | VENUE |
|---|---|---|---|---|---|
| 1 | 30.10.2023 | Monday | Extempore Speech (Bengali, Hindi, English) | GR. A – IX-X, GR. B – XI-XII (2 Students from each Language in Both Groups From each School) | LADY IRWIN SCHOOL |
| | | | Story Telling Competition (Bengali, Hindi) Not more than 3 minutes. | GR. A – III-V, GR. B – VI-VIII (2 Students from each Language in Both Groups From each School) | LADY IRWIN SCHOOL |
| 2 | 31.10.2023 | Tuesday | Music (Rabindra Sangeet) Bengali & Non-Bengalee | GR. A – I-III, GR. B – IV-VI, GR. C – VII-IX, GR. D – X-XII. (2 Students from each Category in All 4 Groups From each School) | MUKTADHARA |
| 3 | 02.11.2023 | Thursday | Recitation (Only Bengali.) | GR. A – I-III, GR. B – IV-VI, **Not more than 15Lines.** GR. C – VII-IX, GR. D – X-XII. **Not more than 24 Lines.** (4 Students from each Group From each School) | VINAY NAGAR BENGALI SCHOOL |
| 4 | 03.11.2023 | Friday | Music (FOLK _ SOLO) | GR. A – I-III, GR. B – IV-VI, GR. C – VII-IX, GR. D – X-XII. (2 Students for FOLK SOLO in All 4 Groups From each School) | MUKTADHARA |
| | | | Group Song – Bengali Only | Gr. A – up to Class VIII. Gr. B – IX-XII. | MUKTADHARA |
| 5 | 06.11.2023 | Monday | TOPIC – Which one is more important –Creativity or Knowledge. | 2 Teams from each language from each school. (In each teams One speaker should be for the motion and Another against the motion) | BENGALI SR. SEC. SCHOOL |
| 6 | 07.11.2023 | Tuesday | QUIZ – Indian History/ Geography/ Scientist | 2 Teams of 4 Students from each School | MUKTADHARA |
| 7 | 08.11.2023 | Wednesday | Dance (Solo) Only in Bengali Songs. | Gr. A – I-III Gr. B – IV-VI Gr. C – VII-IX Gr. D – X-XII (2 Students from each Schools for each Group.) | MUKTADHARA |
| 8 | 20.11.2023 | Monday | One Act Play of 20 Minutes (Bengali or Hindi) | 1 Team from each School | MUKTADHARA |
| 9 | 04.12.2023 | Monday | Drawing | GR. A – I-III, GR. B – IV-VI, GR. C – VII-IX, GR. D – X-XII. | UNION ACADEMY SCHOOL |

- **ALL COMPETETIONS WILL START FROM 10 AM ONWARDS.**

থাকা এই লেখাগুলো, আমাদের পরবর্তী সংখ্যায় স্থান দিতে। তাই যাঁদের মনোনীত লেখা, এবারের সংখ্যায় স্থান পেল না, তাঁরা হয়তো আগামীতে অবশ্যই সুখবর পাবেন।

গত ৪ঠা নভেম্বর, আমাদের মুক্তধারা প্রেক্ষাগৃহে, বেঙ্গল অ্যাসোসিয়েশনের 'বিজয়া সম্মেলনী' অনুষ্ঠান সাড়ম্বরে পালিত হল। রাজধানী শহরের বিভিন্ন প্রান্ত থেকে, সাংস্কৃতিক মনস্ক ব্যক্তিদের আনন্দঘন উপস্থিতিতে, প্রেক্ষাগৃহ হয়ে উঠেছিল প্রাণবন্ত। অনুষ্ঠানের শুভারম্ভ হয়, সমাদৃতা, সমন্বিতা এবং কীর্তি এই তিনজনের নৃত্য প্রদর্শনের মাধ্যমে। এরা প্রত্যেকেই, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজের শিক্ষার্থী এবং আমাদের বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজিত, নৃত্য প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় বিশেষভাবে নির্বাচিত প্রতিযোগী। এরপর আমাদের মাননীয় সভাপতি, সহ সভাপতিগণ, সাধারণ সম্পাদক এবং কার্যকরী সমিতির সদস্যরা মঞ্চে উপবিষ্ট হয়ে আগত দর্শকদের শুভ বিজয়ার শুভেচ্ছা জানান। মাননীয় সভাপতি শ্রী তপন রায়, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে, ওনার সংক্ষিপ্ত বক্তব্য পেশ করেন।

পরবর্তী অনুষ্ঠানে ছিল বিশেষ চমক। বহির্বঙ্গে বসবাস করে, ভিন্ন ভাষার দাপটে, বর্তমান প্রজন্মের বহু বাঙালি শিশু কিশোর ক্রমশঃ, মাতৃভাষার প্রতি আগ্রহ হারিয়ে ফেলছে। আবার কারুর, এই প্রাণের ভাষা শেখার প্রতি আগ্রহ থাকলেও, উপযুক্ত শিক্ষকের অভাবে ইচ্ছে পূরণ সম্ভব হচ্ছে না। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, কয়েক দশক ধরে, প্রবাসে বাংলা ভাষাকে বাঁচিয়ে রাখতে, নিয়মিত রূপে, নানা অনুষ্ঠানের মাধ্যমে, বাংলা ভাষার রূপ রসকে, নতুন প্রজন্মের মননে ছড়িয়ে দেওয়ার কাজে সচেষ্ট হলেও, এই বিশাল গুরু দায়িত্ব একাহাতে পালন করা সম্ভব নয়। কারণ রাজধানী শহরের কয়েক লক্ষ নতুন প্রজন্মের কাছে, ভাষাটাকে সঠিকভাবে বলতে, লিখতে এবং পড়তে সক্ষম করে তুলতে গেলে, আরও বহু মানুষের, সংস্থার এগিয়ে আসা দরকার।

এইসব উৎসাহী নতুন প্রজন্মের বাচ্চাদের কথা চিন্তা করেই, রাজধানী শহরের কয়েকটি উল্লেখযোগ্য সংস্থা, নিঃস্বার্থভাবে এগিয়ে এসে, মাতৃভাষা বাংলা শিক্ষাদানে ব্রতী হয়েছেন। আমাদের লক্ষ্য ছিল, যে সমস্ত সংস্থা এগিয়ে এসে

এই মহান উদ্যোগে ব্রতী হয়েছেন, তাঁদের খুঁজে বের করা এবং সম্মানিত করা। আমাদের প্রথম পদক্ষেপ হিসেবে, এই বছর আমরা চারটি উল্লেখযোগ্য সংস্থা, যথাক্রমে পূর্বাশা কালীবাড়ী, গুড়গাঁও বেঙ্গলী সোসাইটি, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজ ও বসন্তকুঞ্জ কালীবাড়ীকে, বিশেষভাবে সম্মানিত করার সুযোগ পেলাম। ভাবতে ভালো লাগে, এনাদের অদম্য প্রচেষ্টায়, আজ বহু সংখ্যক বাঙালি এবং অবাঙালি শিক্ষার্থী, নিয়মিত রূপে বাংলা ভাষা শেখার সুযোগ পাচ্ছেন। বর্তমানে এরা প্রায় সকলেই, সুচারুভাবে বাংলায় লিখতে, পড়তে এবং বলতে সক্ষম। বহির্বঙ্গে বসবাস করে এটাই চরম প্রাপ্তি। আমাদের আশা, আগামীতে হয়তো আমরা আরও অনেক এমন সংস্থাকে খুঁজে পাবো এবং সম্মানিত করার সুযোগ ঘটবে।

সেদিনের সন্ধ্যায়, সাংস্কৃতিক অনুষ্ঠানে, ভিন্ন ধারার গানের ডালি নিয়ে সঙ্গীত পরিবেশন করেন, দিল্লির শহরের সুপরিচিত মুখ, শ্রীমতী মৌমিতা কুণ্ডু। ওনাকে যন্ত্রসঙ্গীতে সহযোগিতা করেন, তবলায় অধীর দাস এবং কিবোর্ডে সৌরশান্ত বিশ্বাস। সর্বশেষ অনুষ্ঠানে রাজধানী শহরের অন্যতম গানের দল, শ্রীমতী তপতী মুখার্জীর পরিচালনায় উজান গোষ্ঠী নানা আঙ্গিকের গানে, উপস্থিত দর্শকদের মুগ্ধ করেন। অনুষ্ঠানে শেষে প্রথাগতভাবে মিষ্টিমুখের মাধ্যমে এই মনোজ্ঞ সন্ধ্যার পরিসমাপ্তি ঘটে। সেদিন সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেছিলেন, শ্রীমতী প্রিশিলা চট্টরাজ।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের বিশেষ উদ্যোগে, আমাদের সহযোগী বাংলা স্কুলগুলির মধ্যে, আন্তঃবিদ্যালয় প্রতিযোগিতা শুরু হয়েছে। লেডি আরউইন, বিনয়নগর, বেঙ্গলী বয়েজ, ইউনিয়ন একাডেমি নির্দিষ্ট সময় সূচি এবং বিষয় অনুযায়ী বিভন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে এবং আগামীতেও সূচি অনুযায়ী সম্পন্ন হবে। বিস্তারিত তথ্য জানতে, অন্য পাতায় বিশদে দেওয়া সময় সূচীতে চোখ রাখতে পারেন।

আগামী ২০শে নভেম্বর, বেঙ্গল অ্যাসোসিয়েশনের সহযোগী বাংলা স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে অনুষ্ঠিত হবে নাটক প্রতিযোগিতা। বহু দশক ধরেই, রাজধানী দিল্লি শহরে সাংস্কৃতিক চর্চার মাধ্যম হিসাবে, নাট্য চর্চা একটি অন্যতম মাধ্যম। অতীতের এই ধারা বজায় রেখে, এই প্রজন্ম তথা আগামী


PRESENTS
beyond bounds
FIRST INTERNATIONAL DOCUMENTARY / SHORT FILM FESTIVAL
ORGANISED BY THE BENGAL ASSOCIATION, DELHI
9th & 10th DECEMBER 2023 • MUKTADHARA AUDITORIUM • 10:30 AM ONWARDS
বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজিত
প্রথম আন্তর্জাতিক ডকুমেন্টারী / শর্ট ফিল্ম ফেস্টিভ্যাল
বিয়ন্ড বাউন্ডস্
মেঘনা যমুনা
দুই বাংলার ফুড ফেস্টিভ্যাল
Meghna Jamuna
INTERNATIONAL BENGALI FOOD FESTIVAL
9th & 10th DECEMBER 2023
@ MUKTADHARA
BANGA SANSKRITI BHAWAN
18-19 BHAI VEER SING MARG
GOLE MARKET, NEW DELHI
9th and 10th DECEMBER 2023
MUKTADHARA AUDITORIUM, BANGA SANSKRITI BHAVAN
18-19 BHAI VEER SINGH MARG, GOLE MARKET, NEW DELHI 1
PLEASE BLOCK YOUR DATES
ALL ARE CORDIALLY INVITED
WATCH OUT FOR MORE DETAILS ON THIS VERY SOON
KEEP YOUR EYES ON OUR OFFICIAL FACEBOOK PAGE
OR VISIT OUR WEBSITE www.bengalassociation.com

প্রজন্মের মধ্যে নাটপ্রেম জাগিয়ে রাখাটাই আমাদের প্রধান উদ্দেশ্য। দশে মিলে করি কাজ, তাই নাট্যপ্রেমীদের কাছে, আমাদের বিশেষ আবদার, আপনাদের সহযোগিতার হাত সাধ্যমতো বাড়িয়ে দেবেন নিশ্চয়ই।

রাজধানী শহরের প্রতিটি সংস্কৃতিপ্রেমী মানুষদের জন্য দারুণ একটি সুখবর নিয়ে এলাম। আগামী ৯ই এবং ১০ ডিসেম্বর, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের বিশেষ উদ্যোগে এই প্রথমবার "Beyond Bounds" শীর্ষক একটা আন্তর্জাতিক শর্ট ফিল্ম ফেস্টিভ্যালের আয়োজন হতে চলেছে। দু'দিনের এই উৎসবের অঙ্গ হিসাবে, 'মেঘনা যমুনা' শীর্ষক একটা ফুড ফেস্টিভ্যালেরও পরিকল্পনা নেওয়া হয়েছে। বিভিন্ন আঙ্গিকের শর্ট ফিল্ম নিয়ে যাঁরা চিন্তা ভাবনা করেন, তাঁদের শৈল্পিক প্রতিভা অন্বেষণে এবং সমাজের প্রতিবিম্ব হিসাবে তাঁদের কাজকে উৎসাহ দান করতেই আমাদের এই বিশেষ উদ্যোগ। বিস্তারিত তথ্য কয়েকদিনের মধ্যেই জানানো হবে। উৎসাহী ব্যক্তিগণ আমাদের ওয়েবসাইট এবং ফেসবুক পেজে চোখ রাখুন।

## আনন্দ সংবাদ

রাজধানী দিল্লি শহরের সুপরিচিত কবি, মাননীয় শ্রী প্রাণজি বসাক বিগত কয়েক দশক ধরে বাংলা কবিতা নিয়ে চর্চা করছেন। বহু কাব্য গ্রন্থের প্রণেতা শ্রী বসাকের কবিতা, ইতিমধ্যে দেশে এবং বিদেশে বিশেষভাবে সমাদৃত হয়েছে। ওনার সাম্প্রতিকতম কাব্যগ্রন্থ 'রূপবৃত্তে ছায়াবৃত্তে' পাঠকের মনে বিশেষ ভাগে দাগ কেটেছে। আগামী ৩রা ডিসেম্বর, বাপী চক্রবর্তীর সম্পাদনায়, জনপ্রিয় দূরের খেয়া পত্রিকার পক্ষ থেকে, সুবর্ণ জয়ন্তী উৎসব এবং বাংলা সাহিত্য সম্মেলনে উক্ত কাব্যগ্রন্থটিকে জয়াপদ ভট্টাচার্য স্মৃতি পুরস্কারে সম্মানিত করা হবে। এই খুশির খবরে, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওনাকে অজস্র শুভকামনা জানানো হল। প্রসঙ্গতঃ উল্লেখ্য, ১৯৭৪ সালে, উত্তর প্রদেশের শিল্প শহর কানপুর থেকে হাতে লেখা পত্রিকাটি প্রথম প্রকাশ করেছিলেন সম্পাদক শ্রী বাপী চক্রবর্তী। তারপর থেকে আজ পর্যন্ত বিগত পঞ্চাশ বছর ধরে, নিয়মিতভাবে পত্রিকাটি প্রকাশিত হয়ে চলেছে। সারা ভারতবর্ষের অসংখ্য সৃজনশীল সাহিত্যপ্রেমী খ্যাতিমান লেখক এবং সাহিত্যিকগণ এই পত্রিকায় লেখা দিয়েছেন।

অঙ্কুর ankur



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।

স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

**A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION, PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR 'ANKUR' OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE THEM WINGS TO REACH THE SKY TOMMORROW !**

Paytm
Accepted Here

Paytm से UPI

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE. IN ORDER TO OBTAIN A RECEIPT PLEASE SHOW THE SCREEN SHOT OF THE TRANSACTION AT BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G

# বিশেষ সংবাদ

শ্রী আদিত্য সেন সম্পাদিত, ত্রিভাষিক সাহিত্য পত্রিকা 'উন্মুক্ত উচ্ছ্বাস' বিগত তিরিশ বছর ধরে প্রকাশিত হয়ে আসছে। ২০১১ সালে, অভিজাত এই পত্রিকাটি, কলকাতা বইমেলায় পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ডের পক্ষ থেকে, বহির্বঙ্গের শ্রেষ্ঠ পত্রিকা হিসেবে স্বীকৃতি পেয়েছিল। উন্মুক্ত উচ্ছ্বাস লিটারেরি সোসাইটির সভাপতি, শ্রী বিশ্বেশ্বর ভট্টাচার্য জানিয়েছেন, গত ৪ঠা নভেম্বর, দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির মেম্বারস লাউঞ্জে, এই লিটারেরি সোসাইটির সাহিত্য আড্ডা এবং বিজয়া সম্মেলনী অনুষ্ঠান সাড়ম্বরে সম্পন্ন হয়েছে। শুভেচ্ছা বিনিময়ের পর, বিশেষ আকর্ষণ হিসাবে বাঙালির ঐতিহ্যবাহী পাটিসাপটা এবং নলেন গুড়ের মিষ্টি বিতরণের সাথে, বাংলা, হিন্দি এবং ইংরেজি ভাষায়, অজস্র কবিতা এবং অনুগল্প পাঠ পর্ব চলেছিল প্রায় ঘন্টাখানেক। সাহিত্য আড্ডার মেজাজ অক্ষুণ্ণ রাখতে সহযোগী হিসাবে ছিল চা ও কফি।


গত ৫ই নভেম্বর সন্ধ্যায়, করোলবাগ বঙ্গীয় সংসদের 'অজন্তা' সাহিত্য পত্রিকা প্রকাশ এবং বিজয়া সম্মিলনী অনুষ্ঠান খুব সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। নানা গুণী কবি সাহিত্যিকের লেখায় এই পত্রিকাটির উৎসব সংখ্যার শ্রীবৃদ্ধি ঘটেছে। প্রায় চৌষট্টি বছর ধরে এই অজন্তা সাহিত্য পত্রিকাটি প্রকাশ হয়ে এলেও, অনিবার্য কারণে গত দু বছর এই পত্রিকাটি মুক্তির আলো দেখার সুযোগ পায়নি। কিছু সহৃদয় মানুষের অক্লান্ত পরিশ্রমে এবং বিশেষ উদ্যোগে এই ঐতিহ্যবাহী পত্রিকাটি পুনরায় প্রকাশ পেল। সাংস্কৃতিক সন্ধ্যায়, কচি কাঁচাদের গান দিয়ে অনুষ্ঠানের শুভারম্ভ হয় এবং এরপর বিভিন্ন আঙ্গিকের সঙ্গীত পরিবেশন করেন, জনপ্রিয় সংগীতগোষ্ঠী সাম্পান-এর শিল্পীবৃন্দ। পরিশেষে মিষ্টি-মুখ দিয়ে শেষ হয়েছিল সেদিনের সঙ্গীতমুখর বিজয়া সম্মিলনী।

NBCA নয়ডা কালীবাড়ি দ্বারা আয়োজিত, বহুল প্রত্যাশিত শারদ সম্মান পুরস্কার 'জাগো দুর্গা' ইভেন্টে, এ বছরে, সর্ব মোট তিনটি প্রধান বিভাগে, বিজয়ীদের অসামান্য অবদানকে স্বীকৃতি দেওয়া হয়েছে। এই বছরে, সেরা প্রতিমা বিভাগের জন্য, নয়ডা ৭৭ সেক্টরের 'গৃহপ্রবেশ সোসাইটি' বিজয়ী হয়েছেন। সেরা প্যান্ডেল বিভাগে পুরস্কারটি জিতে নেয় 'বঙ্গতরু ইন্দিরাপুরম'। এই জনপ্রিয় পূজা কমিটির মনোমুগ্ধকর প্যান্ডেল, উৎসবের সারমর্মকে ধারণ

করে দর্শকদেরকে ঐশ্বরিক সৌন্দর্য এবং আধ্যাত্মিক জ্ঞানের জগতে নিয়ে যেতে সক্ষম হয়েছিল। এই প্রতিযোগিতার সবচেয়ে লোভনীয় পুরস্কার ছিল 'সবার সেরা' এই সম্মানজনক শিরোনামটি। ইন্দিরাপুরমের 'প্রান্তিক কালচারাল সোসাইটি' তাদের প্রতিমা, প্যান্ডেল এবং সাংস্কৃতিক কর্মকাণ্ড সহ দুর্গাপূজা উদযাপনের বিভিন্ন দিকে সম্মিলিত প্রচেষ্টা এবং উৎসর্গ সত্যিই শ্রেষ্ঠত্বের মানদণ্ড স্থাপন করেছে।

নারায়ণী নমস্তুতে গ্লোবাল দুর্গাপূজা এক্সিলেন্স অ্যাওয়ার্ডসে সেরার সেরা পূজা হিসাবে, এই বছরে বিজয়ীর তকমা পেল 'বঙ্গতরু ইন্দিরাপুরম' পূজা কমিটি। সেরা প্রতিমা হিসাবে দ্বারকার দীপান্বিতা কালচারাল অ্যাসোসিয়েশন জয়ী হয়েছে। সেরা মন্ডপ হিসাবে প্রথম স্থান পেয়েছে ইন্দিরাপুরমের 'প্রান্তিক কালচারাল সোসাইটি' এবং দ্বিতীয় স্থান অধিকার করতে সক্ষম হয়েছে ফেজ-৩, ময়ূর বিহার কালীবাড়ি। স্পেশাল ইনিশিয়েটিভস ফর সোশ্যাল ওয়েলফেয়ার অ্যাওয়ার্ড পেয়েছে, দিল্লির মিলনী কালচারাল অ্যান্ড ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। সেরা সৃজনশীলতা পুরস্কার জিতে নিয়েছে দক্ষিণায়ন দুর্গোৎসব, দ্বারকা, সেরা উদ্ভাবন পুরস্কার লাভ করেছে সেক্টর ৩৪ নয়ডা বঙ্গীয় সমিতি। সেরা পরিবেশ-বান্ধব পূজা পুরস্কারে প্রথম স্থান লাভ করেছে, বঙ্গীয় পরিষদ পশ্চিম বিহার, নিবেদিতা এনক্লেভ এবং দ্বিতীয় স্থান লাভে সক্ষম হয়েছে বলাকা। 'শিল্পী ও তার সৃষ্টি' বিভাগে মনোনীত হয়েছে কালী বাড়ি ময়ূর বিহার সমিতি। পূর্বপল্লী দুর্গাবাড়ি সমিতি, গুড়গাঁও বিজয়ী হয়েছে, কালচারাল হেরিটেজ অফ হিউম্যানিটি বিভাগে। সেরা সোসাইটির পূজা হিসাবে মনোনীত হয়েছে জয়বায়ু বিহার সাংস্কৃতিক কল্যাণ সমিতি এবং ঐতিহ্যপূর্ণ সেরা বাড়ির পুজো হিসাবে পুরস্কৃত হয়েছে গুহ রায় বাড়ির পূজা। দিল্লির আরামবাগ পূজা সমিতি লাভ করেছে সেরা জুড়ি পুরস্কার।

পূর্বাঞ্চল বঙ্গীয় সমিতি (PBS) এই বছরে, পূর্ব দিল্লির পূজা কমিটির মধ্যে মহিষাসুর মর্দিনী প্রতিযোগিতার আয়োজন করেছিল। কমিটির চারটি বিভাগের মধ্যে, প্রতিটি বিভাগে যে সমস্ত পূজা কমিটি, সামগ্রিকভাবে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে তাদের মধ্যে, প্রথম স্থান লাভ করেছেন মিলনী কালচারাল অ্যান্ড ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন, দ্বিতীয় স্থানে রয়েছে ময়ূর বিহার ফেজ ১ কালীবাড়ি এবং তৃতীয় স্থান অধিকার করেছে, ময়ূর বিহার বঙ্গীয় ঐক্য সম্মিলনী।


দ্বিতীয় দক্ষিণ দিল্লি
বইমেলা
২৪-২৭ নভেম্বর ২০২৩ • দক্ষিণ দিল্লি কালীবাড়ী
বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি
এবং দক্ষিণ দিল্লি কালীবাড়ীর
একটি যৌথ প্রয়াস
THE SECOND EDITION OF DAKSHIN DELHI BOI MELA
24th -27th NOVEMBER 2023
DAKSHIN DELHI KALIBARI, PALAM MARG SECTOR - 7 R.K. PURAM NEW DELHI






মুক্তধারা

বুক শপ

রাজধানী দিল্লিতে বাংলা বইয়ের একমাত্র নির্ভরযোগ্য প্রাপ্তিস্থান

বঙ্গ সংস্কৃতি ভবন, ১৮-১৯ ভাই বীরসিং মার্গ, গোল মার্কেট, নিউ দিল্লী






# দ্বিতীয় দক্ষিণ দিল্লি বইমেলা

## (দক্ষিণ দিল্লি কালীবাড়ি এবং বেঙ্গল অ্যাসোসিয়েশনের যৌথ প্রয়াস)

আগামী ২৪ থেকে ২৭ নভেম্বর, বেঙ্গল অ্যাসোসিয়েশন ও দক্ষিণ দিল্লি কালীবাড়ির যৌথ উদ্যোগে রামকৃষ্ণ পুরমে (RK Puram) মালাই মন্দিরের সন্নিকটে দক্ষিণ দিল্লি কালীবাড়ি প্রাঙ্গণে, দ্বিতীয় বইমেলার আয়োজন হতে চলেছে। গত বছরের অভূতপূর্ব সাফল্যের পর, এবছরেও আবার আমাদের স্বপ্নের উড়ান ডানা মেলতে চলেছে। রাজধানী শহর এবং পার্শ্ববর্তী অঞ্চলে যে ভাবে অসংখ্য বাঙালি ছড়িয়ে আছেন তাদের কথা ভেবে, দিল্লি বেঙ্গল অ্যাসোসিয়েশন, বাংলা ভাষা প্রচার ও প্রসারে, সমগ্র কার্যকলাপকে শুধুমাত্র একটা গন্ডির মধ্যে আবদ্ধ না রেখে, নয়ডা, গুরুগ্রাম, গাজিয়াবাদ এবং ফরিদাবাদের বিভিন্ন সংস্থার সঙ্গে মিলে মিশে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে আমাদের এই কর্মকান্ডকে আরও বৃহৎ আকারে ছড়িয়ে দিতে বদ্ধপরিকর। রাজধানী দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের, বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের কাছে বিশেষ অনুরোধ, আপনারা যে কেউ, প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।

# রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ৮ই অক্টোবর, রাজধানী দিল্লির অন্যতম 'কলমের সাত রঙ' সাহিত্য পত্রিকার শারদ সংখ্যার উন্মোচন অনুষ্ঠান, দক্ষিণ দিল্লি কালীবাড়ির প্রণব মুখোপাধ্যায় সভাগারে আয়োজন করা হয়েছিল। পত্রিকার মোড়ক উন্মোচন করেন কলমের সাত রঙের প্রধান উপদেষ্টা শ্রী দীনেশচন্দ্র দাশ, সম্পাদক শ্রী কালীপদ চক্রবর্তী, সহ সভাপতি শ্রী নলিনাক্ষ ভট্টাচার্য, সহ সম্পাদক শ্রী অরূপ বন্দ্যোপাধ্যায় ও উপদেষ্টা শ্রীমতী যূথিকা চক্রবর্তী। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন শ্রীমতী ঝর্ণা সর্দার এবং স্বরচিত কবিতা পাঠ করে শোনান কবি শ্রীমতী দেবযানী ভৌমিক। এরপর লেখক লেখিকাদের মধ্যে পত্রিকা বিতরণ করে, মিষ্টিমুখের মাধ্যমে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।

গত ১১ই অক্টোবর, ২০২৩ সন্ধ্যা সাড়ে পাঁচটায়, নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলন, দিল্লি শাখার উদ্যোগে একটা সুমধুর সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন হয়েছিল চিত্তরঞ্জন পার্কের চিত্তরঞ্জন ভবনে বইমেলার মঞ্চে। সাংস্কৃতিক সভাটি


RINI MUKHERJEE FOUNDATION
BENGAL ASSOCIATION
NEW DELHI
LIVE WITH DIGNITY
RINI MUKHERJEE FOUNDATION
IN ASSOCIATION WITH
BENGAL ASSOCIATION, DELHI
ORGANISES
Distribution of Sarees at Belpahari Village, Jhargram, West Bengal to support our needy Mothers & Sisters
PLEASE SUPPORT BY DONATING OLD / NEW SAREES
COLLECTION CENTRES
Rythme School Music ,
I-1649, C R Park, New Delhi -110019
You can also call at
9818802498 / +91 11-40623840
Bengal Association, Delhi
Muktadhara,
Banga sanskriti Bhavan
18-19 Bhai Veer Singh Marg, Gole Market
New Delhi -110001
You can also call at
73034 00554 / +91 11-011-23344-808

শুভারম্ভ করেন নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলন দিল্লি শাখার সচিব শর্বাণীরঞ্জন কুণ্ডু তাঁর স্বাগত ভাষণ দিয়ে। এরপর সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয় প্রসিদ্ধ গায়ক কেশব রায়ের স্বর্ণযুগের বাংলা গান দিয়ে যা সবাইকে মুগ্ধ করে। দিল্লির নামী নাট্যকার এবং কবি নির্ভীক চ্যাটার্জীর উদ্যোগে হোরাইজন গ্রুপের মহিলা শিল্পীরা যথা জয়শ্রী চ্যাটার্জী, মহাশ্বেতা অধিকারী, সুনীতি বড়ুয়া এবং শম্পা সেনগুপ্ত বিভিন্ন গানের ডালি নিয়ে সকলকে মন্ত্রমুগ্ধ করেন। এরপর নৃত্য প্রদর্শন করেন কুমারী তনুশ্রী বিশ্বাস, 'মোদের গরব, মোদের আশা, আ-মরি বাংলা ভাষা' গানের সঙ্গে - যা দর্শকদের অভিভূত করে। এরপর সাহিত্য তীর্থ পত্রিকাটি উন্মোচন করেন প্রাক্তন সভাপতি এবং বর্তমান উপদেষ্টা, দিল্লি শাখা ডঃ আনন্দ মুখার্জী ও শ্রী নৃত্যেন্দ্রনাথ সরকার। সুপরিচিত সাহিত্যিক শ্রী আদিত্য সেন ও অর্থনীতিবিদ অধ্যাপক অমিতাভ মুখার্জী পত্রিকাটির উন্মোচনে অংশগ্রহণ করেন। অতপর তাঁরা সকলেই নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলন নিয়ে সুচিন্তিত বক্তব্য রাখেন। সভাটির অসাধারণ সঞ্চালনা করেন দিল্লি শাখার সদস্যা শ্রীমতী রত্না চট্টোপাধ্যায়। এরপর শুরু হয় কবিতা পাঠের আসর। যেটির সঞ্চালনা করেন কর্মাধ্যক্ষ শ্রী শর্বাণীরঞ্জন কুণ্ডু। কবিতা পড়েন সুব্রত ঘোষ, ডঃ বিশ্বেশ্বর ভট্টাচার্য্য, আদিত্য সেন, বৃন্দাবন দাস, শর্বাণীরঞ্জন কুণ্ডু, সুজিত চট্টোপাধ্যায়, প্রাণজি বসাক, কালীপদ চক্রবর্তী, গৌতম দাশগুপ্ত, নির্ভীক চ্যাটার্জী, শ্রীমতী তাপসী বিশ্বাস, শ্রীমতী রীতা বিশ্বাস পাণ্ডে এবং শ্রীমতী রত্নশীলা সরকার। সভা শেষে শ্রী সুজিত চট্টোপাধ্যায় ধন্যবাদ জ্ঞাপন করেন ও দিল্লি শাখার প্রচেষ্টাকে বাংলা ভাষা ও সংস্কৃতি বাঁচিয়ে রাখার জন্য সকলের সহযোগিতা প্রার্থনা করেন। ওনাদের স্মরণীয় এই সন্ধ্যাটির সাফল্যের, মূল কাণ্ডারী ছিলেন, শাখার সভাপতি শ্রী সুজিত চট্টোপাধ্যায় ও কর্মাধ্যক্ষ শ্রী শর্বাণীরঞ্জন কুণ্ডু।

গত ৫ই নভেম্বর, রবিবার সন্ধ্যা সাড়ে ছ'টায়, রাজধানী শহরের অন্যতম নাট্যবক্তিত্ব শ্রী বিশ্বজিৎ সিনহার নির্দেশনায়, নবপল্লী নাট্য সংস্থা, বাংলা রঙ্গালয়ের ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে, পূর্ণাঙ্গ ঐতিহাসিক নাটক 'তিনকড়ি দাসী - দ্য লেডি ম্যাকবেথ' মঞ্চস্থ করল বঙ্গসংস্কৃতি ভবনের মুক্তধারা মঞ্চে। এটি ছিল এই সফল নাটকটির চতুর্থ উপস্থাপনা। বাংলা থিয়েটারের ইতিহাসকে, এত সুন্দর মোড়কে তুলে ধরে, রাজধানী শহরে এর সফল মঞ্চায়ন, বিশেষ প্রশংসার দাবি রাখে।


HAZARIBAGH
Le Rythme & Probhas Kalyani Priti Trust
PRESENT
শতবর্ষে
কণিকা বন্দ্যোপাধ্যায়
RINI MUKHERJEE FOUNDATION
A SPECTACULAR MUSICAL EVENING ON 25th NOVEMBER 2023
শ্রীকান্ত ও জয়তী
WITH
Srikanto Acharya
&
Jayati Chakraborty
5:30 pm onwards, at Bipin Pal Auditorium, Chittaranjan Park
PUBLICITY & PROMOTION PARTNER
KNOWLEDGE PARTNER

গত ৫ই নভেম্বর দুপুর আড়াইটা থেকে বিকেল ৪টা পর্যন্ত, ভারতীয় সমসাময়িক শিল্প উদযাপনের অঙ্গ হিসাবে ইন্ডিয়া আর্ট ফেস্টিভ্যালের আয়োজন করা হয়েছিল, দিল্লির রফি মার্গের কনস্টিটিউশন ক্লাবে। সাংস্কৃতিক অনুষ্ঠানে, এস আকাশ (বাঁশি) ও মেহতাব আলী নিয়াজীর (সেতার) যুগলবন্দী সহ যশবন্ত বৈষ্ণবের তবলা বাদনের সাথে প্রদর্শিত হয়েছিল, রাজধানী শহরের প্রখ্যাত চিত্রকর শ্রী তীর্থঙ্কর বিশ্বাসের নানাবিধ চিত্রকলা।

গত ৫ই নভেম্বর, রাজধানী দিল্লির অন্যতম সাংস্কৃতিক সংস্থা, ইমপ্রেসারিও ইন্ডিয়ার উদ্যোগে, দিল্লির ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের মাল্টিপারপাস হলে, বার্ষিক বিজয়া সম্মিলনী অনুষ্ঠান সাড়ম্বরে পালিত হয়েছে। বীর সন্ন্যাসী স্বামী বিবেকানন্দের মহান আদর্শ, চিন্তাধারা এবং কাজের উপর ভিত্তি করে মাল্টি মিডিয়া উপস্থাপনার মাধ্যমে ‘দিল্লির গল্পকারদের’ গল্প বলার দক্ষতায়, একটি দুর্দান্ত সন্ধ্যা উপহার পেল অগণিত দর্শক। স্বামী বিবেকানন্দের জীবনের উপর ডঃ অরুণা চক্রবর্তীর সুগবেষিত স্ক্রিপ্টটি দুর্বা ঘোষ এবং কৌশিকী দেবের একটি চমৎকার বর্ণনা সাথে পূর্ণেন্দু ভট্টাচার্য এবং অঞ্জন কাঞ্জিলালের অসাধারণ বলা সংলাপের মাধ্যমে জীবন্ত হয়ে উঠেছিল। এমনকি সম্পূর্ণ আখ্যানটি বিভিন্ন ঘরানার পরিস্থিতিগত গানে এবং জয়তী ঘোষের সুরেলা কণ্ঠে আবদ্ধ থেকে অন্য মাত্রা তুলে ধরেছিল। দিল্লির সংস্কৃতি প্রেমী মানুষের কাছে, এত সুন্দর একটা সাংস্কৃতিক সন্ধ্যা উপহার দেওয়ার জন্য, ইমপ্রেসারিও ইন্ডিয়ার সকলকে অসংখ্য শুভেচ্ছা রইল।

## রাজধানী দিল্লির আগামী সাংস্কৃতিক সংবাদ

দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটি বাবা আলাউদ্দিন খাঁ মিউজিক ফাউন্ডেশন (Regd.) দিল্লির উদ্যোগে, গুরু পণ্ডিত যতীন ভট্টাচার্যের ৯৭তম জন্মবর্ষ উদযাপন উপলক্ষ্যে, আগামী ১১ই নভেম্বর, চিত্তরঞ্জন পার্কের, চিত্তরঞ্জন ভবনে একটা সঙ্গীত বৈঠকের আয়োজন করা হয়েছে। সমন্বয়ক শ্রী অরূপ গাঙ্গুলী জানিয়েছেন, এই দিন সন্ধ্যায় সোলো তবলা বাদনে উপস্থিত থাকবেন শিশু শিল্পী মাস্টার আর্যমন। এরপর সুশ্রী আকাঙ্ক্ষা সিং-এর সুরেলা কণ্ঠে, সারেঙ্গীতে সহযোগিতা করবেন তানিশ ধোলপুরী, তবলায় শ্রী শুভেন্দা দাস এবং হারমোনিয়ামে সঙ্গত করবেন শ্রী জাকির ধোলপুরী। অবাধ প্রবেশের মাধ্যমে, সকলকে স্বাগত জানিয়েছেন উদ্যোক্তারা।

আগামী ২১-২৫শে নভেম্বর, বেলা ১১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত এলটিসি বিকানের হাউসে (বিকানের হাউসের হলদিরামের পিছনে) গ্যালারি রাগিণীর আয়োজনে, কিউরেটর ইনা পুরির পরিবেশনায়, প্রখ্যাত চিত্রশিল্পী সঞ্জয় দাসের 'দ্য রেড হিবিস্কাস ট্রেইল' নামক একটা চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। এই প্রদর্শনীতে বাংলার লোকশিল্পী, তন্তুরায়, শাঁখারি, পটচিত্রশিল্পী, প্রতিমা শিল্পীদের মাধ্যমে বাংলার গৌরবময় অতীত, লোকসংস্কৃতির ঐতিহ্যকে তুলে ধরবেন বিশিষ্ট শিল্পী সঞ্জয় দাস। প্রসঙ্গত উল্লেখ্য, চিত্রশিল্পী সঞ্জয় দাসের বেড়ে ওঠা দিল্লি শহরে হলেও, প্রায় এক দশকেরও বেশি সময় ধরে দিল্লি থেকে বাংলায় মোটরপথে যাত্রাকালীন, গ্রাম বাংলার পরিবেশে উনি যে যাপনকে প্রত্যক্ষ করেছেন তারই গল্প ক্যামেরায় বন্দি করে, ছবির মাধ্যমে তুলে ধরতে চেয়েছেন এই প্রদর্শনীতে। অবাধ প্রবেশের মাধ্যমে উৎসাহী ব্যক্তিদের সাদর আমন্ত্রণ জানিয়েছেন উদ্যোক্তাগণ।

আগামী ২৫শে নভেম্বর, বিকেল সাড়ে ৫টা থেকে চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, শতবর্ষ কণিকা বন্দ্যোপাধ্যায়কে স্মরণ করে, যৌথভাবে একটি অসাধারণ মিউজিক্যাল সন্ধ্যার আয়োজন করতে চলেছে রাজধানী শহরের সুপরিচিত সাংস্কৃতিক সংস্থা 'লে রিদম' এবং 'হাজারীবাগের প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট'। রাজধানী শহরে সমস্ত সংস্কৃতি প্রেমী মানুষদের গানে সুরে ভরিয়ে তুলতে এই স্বর্ণালী সন্ধ্যায় উপস্থিত থাকবেন, শ্রীকান্ত আচার্য এবং জয়তী চক্রবর্তী। কোনো প্রবেশ মূল্য ছাড়াই, কেবলমাত্র আগে এলে আগে বসতে পাবেন এই ভিত্তিতে, যে কোনো সঙ্গীত প্রেমী ব্যক্তি এই অনুষ্ঠান দেখার জন্য আসতে পারেন। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন এই মনোজ্ঞ অনুষ্ঠানটির প্রচার সহায়কের দায়িত্ব পালন করছে।

আগামী ২রা ডিসেম্বর, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, রাজধানী দিল্লি সংলগ্ন গুরুগ্রামের অন্যতম গানের দল, আনন্দধারা আয়োজন করতে চলেছে অসামান্য একটা সাংস্কৃতিক সন্ধ্যা। প্রাচীন বৈষ্ণবী পদাবলীর পদকর্তাদের দ্বারা প্রভাবিত হয়ে রবীন্দ্রনাথ প্রথম যৌবনে রচনা করেছিলেন একুশটি পদ বা কবিতা যা পরবর্তী কালে সুর সংযোজনে, সম্পূর্ণ ভিন্ন ধারার রবীন্দ্র সঙ্গীত হিসাবে প্রাণ পায়। এমনই ভিন্ন আঙ্গিকের রবীন্দ্রনাথের গান নিয়ে 'ভানুসিংহের পদাবলী' নৃত্যনাট্য পরিবেশন করবেন আনন্দধারা। সংস্থার

কর্ণধার মহুয়া প্রামাণিক জানিয়েছেন, সেদিনের অনুষ্ঠানের প্রথম ভাগে দিল্লির চারটি জনপ্রিয় গানের দল, সপ্তক, স্বরচ্ছন্দা, স্বরলিপি এবং গানের তরীর শিল্পীরা রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করবেন। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করবেন, অয়ন বন্দ্যোপাধ্যায়। যন্ত্রানুষঙ্গে থাকবেন অনিরুদ্ধ চৌধুরী, অসীম দাস ও পঙ্কজ মিশ্র। আনন্দধারার শিল্পীদের সাথে, নৃত্য পরিবেশনায় থাকবেন, বিশিষ্ট নৃত্যশিল্পী অরুণাভ ধর। এই মনোজ্ঞ অনুষ্ঠানটির আয়োজনে বিশেষ সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন, প্রভাস কল্যাণী ট্রাস্টের কর্ণধার শ্রী অমিতাভ মুখার্জী।

আগামী ২রা এবং ৩রা ডিসেম্বর, বঙ্গসংস্কৃতি ভবনের মুক্তধারা মঞ্চে অনুষ্ঠিত হতে চলেছে, প্রারম্ভ নাট্যগোষ্ঠীর পূর্ণাঙ্গ নাটক 'চুউপ! আদালত চলছে'। বিজয় তেন্ডুলকরের এই নাটকটি বাংলায় অনুবাদ করেছেন শ্রীমতি শুক্লা বসু (সেন) এবং নাট্য নির্দেশনায় রয়েছেন, রাজধানী শহরের প্রখ্যাত নাট্য ব্যক্তিত্ব শ্রী রবিশঙ্কর কর। আগ্রহী নাট্যপ্রেমীরা প্রবেশ পত্র সংগ্রহ করে, এই উচ্চমানের নাটকটি উপভোগ করতে পারেন।

## একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (asociationsangbad@gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।

---

**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**